# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২০

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ১৪. ‘আলী বিন আবী ত্বলিব (রাঃ)-এর সম্মান

بَاب فَضْلِ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللهُ عَنْهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الرَّازِيُّ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، أَنْبَأَنَا الْعَلاَءُ بْنُ صَالِحٍ، عَنِ الْمِنْهَالِ، عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ عَلِيٌّ أَنَا عَبْدُ اللَّهِ، وَأَخُو، رَسُولِهِ ـ صلى الله عليه وسلم ـ وَأَنَا الصِّدِّيقُ الأَكْبَرُ، لاَ يَقُولُهَا بَعْدِي إِلاَّ كَذَّابٌ صَلَّيْتُ قَبْلَ النَّاسِ بِسَبْعِ سِنِينَ .

বাংলা

৭/১২০। আব্বাদ ইবনু আবদুল্লাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আলী বলেছেনঃ আমি আল্লাহ্‌র বান্দা এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ভাই। আমি পরম সত্যবাদী। আমার পরে কেবল মিথ্যাবাদীই এই (খেতাব) দাবি করবে। আমি লোকেদের সাত বছর পূর্বেই সালাত আদায় করেছি।

## English

It was narrated that 'Abbad bin 'Abdullah said:
"'Ali said: 'I am the slave of Allah and the brother of His Messenger. I am the greatest teller of the truth (Siddiq Akbar), and no one will say this after me except a liar. I prayed seven years before the people."

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: বাতিল। তাখরীজ আলবানী: যঈফা ৪৯৪৭ মাওযু, যিলাযিল জান্নাহ ১৩২৪। উক্ত হাদিসের রাবী মিনহাল সম্পর্কে ইবনু মাঈন, ইমাম নাসাঈ ও আল আজালী বলেন, তিনি সিকাহ। ইমাম দারাকুতনী বলেন তিনি সত্যবাদী। জাওযুজানী বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল। আরেক রাবী আব্বাদ বিন আবদিল্লাহ যঈফ, এটা ইমাম যাহাবী তালখীসে বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন । বর্ণনাকারীঃ আব্বাদ ইবন আবদুল্লাহ ইবন যুবায়র

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=9830

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন